দৈনিক জনকণ্ঠ

তারিখ 19 FEB 1994
পৃষ্ঠা ৪ কলাম ৫

13

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে একান্ত অনুরোধ, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দূর শিক্ষণের মাধ্যমে ইংরেজী ভাষা শিক্ষার যে CELP কোর্স কার্যক্রম শুরু করেছেন চলতি শিক্ষা সেসন (জানু-জুন '৯৪ইং) হতে, রুটিন অনুযায়ী তা মাসের প্রথম ও তৃতীয় সপ্তাহের শুক্রবার দিন বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত কেন্দ্রে টিউটোরিয়াল ক্লাসে শিক্ষকের সঙ্গে সরাসরি ছাত্র-ছাত্রীদের কোর্স সম্পর্কে আলোচনার ব্যবস্থা রাখা হয়েছে। কিন্তু বাস্তব ক্ষেত্রে আমরা দেখতে পাই, মাসের দু'দিন টিউটোরিয়াল ক্লাস আমাদের জন্য মোটেও পর্যাপ্ত নয়। মাসে আমাদের আরও অধিক টিউটোরিয়াল ক্লাসের প্রয়োজন রয়েছে বা আমাদের কোর্স সম্পর্কে শিক্ষকের সঙ্গে আরও বেশি সরাসরি আলোচনার প্রয়োজন রয়েছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে আমাদের একান্ত অনুরোধ উক্ত কোর্সটি আমাদের কাছে আরও সহজ বোধ্য করার জন্য আমাদের টিউটোরিয়াল ক্লাস মাসে দু'দিনের পরিবর্তে প্রতি শুক্রবার- এবং তা সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত করা হোক। এখানে উল্লেখ্য যে, শুক্রবার বাংলাদেশের প্রায় সব শিক্ষা প্রতিষ্ঠানই বন্ধ থাকে, সুতরাং বর্তমানে যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে, CELP এর টিউটোরিয়াল ক্লাসের ব্যবস্থা করা হয়েছে সেখানেই এই কোর্স-এর বর্ধিত ক্লাসের ব্যবস্থা করা যাবে। বিষয়টি বিবেচনা করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অনুরোধ করছি।

মনোয়ার,
বায়তুল আমান
মৌলভীপাড়া, ব্রাহ্মণবাড়ীয়া